

২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত ৬৫ (পয়ষট্টি) দিন বঙ্গোপসাগরে মৎস্য আহরণ বন্ধকালীন কার্যক্রম বাস্তবায়নের

নিমিত্ত উপজেলা টাঙ্কফোর্স সভার কার্যবিবরণী

স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ

তারিখঃ ০৭/০৫/২০২০ খ্রি. সময়: ১০.০০ ঘটিকা

সভাপতিঃ উপজেলা নির্বাহী অফিসার,  
তালতলী, বরগুনা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম, পদবি ও স্বাক্ষর: সংযুক্ত- “ পরিশিষ্ট-ক”


উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভাপতি বর্তমান সভার পেক্ষাপট ও আলোচ্য বিষয় সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, তালতলী, বরগুনাকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, সামুদ্রিক মৎস্য সম্পদের উন্নয়ন ও সামুদ্রিক মৎস্য এর নিরাপদ প্রজনন পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সরকার ২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত ৬৫ (পয়ষট্টি) দিন বঙ্গোপসাগরে বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমায় সকল ধরনের মৎস্য আহরণ নিষিদ্ধ করে ২০১৫ সালে আইন প্রনয়ন করা হয়। সে মোতাবেক বঙ্গোপসাগরে মৎস্য আহরণে নিয়োজিত তালতলী উপজেলার সকল ফিশিং ট্রলার, যান্ত্রিক ও অযান্ত্রিক নৌযানের জেলেদের সরকার ঘোষিত নিষিদ্ধকালীন সময়ে সাগরে মৎস্য আহরণ হতে বিরত রাখা ও নিষিদ্ধকালীন সময়কে সফল করার ব্যাপারে কৌশল প্রণয়ন বর্তমান সভার উদ্দেশ্য। উপজেলা মৎস্য কর্মকর্তা উক্ত কর্মকৌশল প্রণয়নে সকলের পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করেন।

সভার বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সবসম্মতিক্রমে গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	অবহিতকরণ/সচেতনতা সভা/প্রচারণাঃ ২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত বঙ্গোপসাগরে মৎস্য আহরণ হতে বিরত থাকতে উদ্বুদ্ধ করার জন্য ব্যাপক প্রচার ও সচেতনতা সভা আয়োজনের বিষয় আলোচনা করা হয়।	তালতলী উপজেলার সকল বাজার/ইউনিয়ন ও জেলে পল্লীতে সামাজিক দুরত্ব বজায় রেখে প্রচার ও সচেতনতা সভা করা হবে।	উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য অফিস।
০২.	২০ মে পরে সাগরে ফিশিং বোট না যাওয়াঃ যে সকল ফিশিং ট্রলার ও যান্ত্রিক/অযান্ত্রিক নৌযান সাগরে বর্তমানে মৎস্য আহরণরত আছে তাদের ২০ মে/২০২০ এর আগে ফিরিয়ে আনার ব্যবস্থা করা এবং ২০ মে এর পরে কোন ফিশিং ট্রলার যেন সাগরে না যেতে পারে	যে সকল ফিশিং বোট এবং যান্ত্রিক/অযান্ত্রিক নৌযান সাগরে মৎস্য আহরণরত আছে তাদেরকে ২০ মে এর আগে স্ব স্ব ঘাটে আসতে হবে এবং ২০ মে এর পরে কোন ফিশিং বোট সাগরে	স্টেশন কমান্ডার, বাংলাদেশ কোস্টগার্ড ও বাংলাদেশ নৌপুলিশ এবং ফিশিং বোট মালিক সমিতি তালতলী, বরগুনা।

	এ বিষয়ে সভায় আলোচনা হয়।	যেতে পারবে না।	
০৩.	চেক পোস্ট স্থাপনঃ নিষিদ্ধকালীন সময়ে জেলেদের যাওয়া আসা নিয়ন্ত্রনের জন্য সাগর মোহনায় চেক পোস্ট স্থাপনের বিষয়ে আলোচনা হয়।	সাগর মোহনায় প্রয়োজনীয় সংখ্যক চেক পোস্ট স্থাপন করা হবে।	স্টেশন কমান্ডার, বাংলাদেশ কোস্টগার্ড ও নৌপুলিশ।
০৪.	পেট্রোল পাম্প ও বরফ কলে নজরদারী বাড়ানোঃ সাগরে মৎস্য আহরনের নিষিদ্ধকালীন সময়ে ফিশিং ট্রলার কতৃক পেট্রোল পাম্প হতে ডিজেল ও বরফ কল হতে বরফ গ্রহন নিয়ন্ত্রনের জন্য পেট্রোল পাম্প ও বরফ কলে নিয়মিত তদারকি ও নজরদারি করার বিষয়ে আলোচনা হয়।	পেট্রোল পাম্প ও বরফ কলে নজরদারী করা হবে এবং প্রয়োজনে নির্বাহী ম্যাজিষ্ট্রেট দিয়ে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে।	উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য বিভাগ, তালতলী, বরগুনা।
০৫.	পেট্রোলিং কার্যক্রম জোরদারকরণঃ সাগরে ৬৫ দিন মাছ ধরা বন্ধ মৌসুমে বাংলাদেশ কোস্টগার্ড এর পেট্রোলিং কার্যক্রম জোরদার করার বিষয়ে সভায় আলোচনা হয়।	পেট্রোলিং কার্যক্রম জোরদার করা হবে।	উপজেলা প্রশাসন, বাংলাদেশ কোস্টগার্ড ও উপজেলা মৎস্য অফিস।
০৬.	তটরেখা/সমুদ্রসীমা নির্ধারনঃ	উপজেলা মৎস্য বিভাগ/কোস্টগার্ড সমুদ্র সীমার সিদ্ধান্ত দিবেন।	উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য বিভাগ, ও বাংলাদেশ কোস্টগার্ড তালতলী, বরগুনা।
০৭.	ভিজিএফ সহায়তা প্রদানঃ নিষিদ্ধকালীন সময়ে জেলেদের প্রয়োজনীয় সহায়তা প্রদানের বিষয়ে ব্যাপক আলোচনা করা হয়।	উর্দ্ধতন কতৃপক্ষকে বিষয়টি অবহিত করা হবে।	উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য বিভাগ, তালতলী, বরগুনা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(মোঃ আসাদুজ্জামান)

উপজেলা নির্বাহী অফিসার

ও


সভাপতি

উপজেলা টাঙ্কফোর্স কমিটি

তালতলী, বরগুনা

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, বরগুনা।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা, বরগুনা।
- ৩। পুলিশ সুপার, বরগুনা।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।
- ৫। উপজেলা..... কর্মকর্তা ও সদস্য টাঙ্কফোর্স কমিটি, তালতলী, বরগুনা।
- ৬। অফিসার ইন চার্জ, তালতলী থানা।
- ৭। অফিসার ইন চার্জ, তালতলী নৌ-পুলিশ ফাঁড়ি।
- ৮। স্টেশন কমান্ডার, বাংলাদেশ কোস্টগার্ড, তালতলী।
- ৯। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, তালতলী।
- ১০। সভাপতি/সম্পাদক, ট্রলার মালিক সমিতি/আওয়ামী মৎস্যলীগ/ক্ষুদ্র মৎস্যজীবি সমিতি।
- ১১। জনাব.....
- ১২। অফিস নথি।

  
০৭-০৫-২০২০

মোঃ শামীম রেজা  
উপজেলা মৎস্য কর্মকর্তা  
তালতলী, বরগুনা।  
ও  
সদস্য সচিব  
উপজেলা টাঙ্কফোর্স কমিটি  
তালতলী, বরগুনা।